

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৭.২০. ৭৮


তারিখ: ২০ মাঘ ১৪২৭
২৪ জানুয়ারি ২০২০

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মন্থ রঞ্জন বাঁড়ে (৩৫৭৩), সহযোগী অধ্যাপক (সংস্কৃত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে এ বিভাগের ২৫.০৩.২০২০ তারিখের নং-৩৭.০০.০০০০.০৬৭.০২.০১৭.২০১৭-১২১ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী সরকারি ব্রজলাল কলেজ (বি.এল. কলেজ), খুলনা এ পদায়ন করা হয়। উক্ত আদেশে আপনাকে ১২/০৪/২০২০ তারিখের মধ্যে বদলি/পদায়নকৃত কর্মস্থলে যোগদান করার জন্য বলা হলেও আপনি নির্ধারিত সময়ের মধ্যে পদায়ন/বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন। প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। আপনার বিরুদ্ধে বর্ণিত বিধির ৪ এর (৩) উপ-বিধির আওতায় কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার কারণ এ বিধির ৭(১) (খ) ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।


(মোঃ মাহবুব হোসেন)
সচিব

বর্তমান কর্মস্থল:

জনাব মন্থ রঞ্জন বাঁড়ে (৩৫৭৩)
সহযোগী অধ্যাপক (সংস্কৃত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
সংযুক্ত: সরকারি বি.এল. কলেজ, খুলনা।

স্থায়ী ঠিকানা:

জনাব মন্থ রঞ্জন বাঁড়ে
পিতা: ধীরেন্দ্র নাথ বাঁড়ে, মাতার নাম: দুলালী রানী বাঁড়ে
গ্রাম: মুকার বাড়ী, ডাকঘর: ভাঙ্গারহাট
উপজেলা: কোটালীপাড়া, জেলা: গোপালগঞ্জ।

বর্তমান ঠিকানা:


ফ্লট নং- সি-৩, ৭/১১, স্যার সৈয়দ রোড, মোহাম্মদপুর
ডাকঘর: মোহাম্মদপুর, উপজেলা মোহাম্মদপুর, জেলা: ঢাকা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব মন্থ রঞ্জন বাঁড়ৈ (৩৫৭৩), সহযোগী অধ্যাপক (সংস্কৃত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে এ বিভাগের ২৫.০৩.২০২০ তারিখের নং-৩৭.০০.০০০০.০৬৭.০২.০১৭.২০১৭-১২১ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী সরকারি ব্রজলাল কলেজ (বি.এল. কলেজ), খুলনা এ পদায়ন করা হয়। উক্ত আদেশে তাকে ১২/০৪/২০২০ তারিখের মধ্যে বদলি/পদায়নকৃত কর্মস্থলে যোগদান করার জন্য বলা হলেও তিনি নির্ধারিত সময়ের মধ্যে পদায়ন/বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন। প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।


(মোঃ মাহবুব হোসেন)
সচিব